

"

কৃষি প্রযুক্তি ভাণ্ডার

প্রযুক্তির বিবরণ

প্রযুক্তির নাম :ফসল বিন্যাসের ফলন বৃদ্ধি ও মৃত্তিকার ভৌতগুণাবলী উন্নয়নের জন্য সংরক্ষিত কর্ষণ ও শস্যের অবশেষ ব্যবহার।

বিস্তারিত বিবরণ :

বৈশিষ্ট্য: গম-মুগডাল-রোপা আমন শস্য বিন্যাসে সংরক্ষিত কর্ষণ (১০-১২সে.মি.গভীর) পদ্ধতি প্রয়োগ করে ফসলের অবশেষ মৃত্তিকায় মিশিয়ে দিলে ফলন গম-পতিত-রোপা আমন বিন্যাস অপেক্ষা ১১.৭৩% বৃদ্ধি পায়। উক্ত ফসল বিন্যাস একই জমিতে পর পর ৩-৪ বছর আবাদ করলে জমিতে জৈব কার্বনের পরিমাণ প্রচলিত চাষাবাদ পদ্ধতির চেয়ে ১০-১৫% বৃদ্ধি পায়। মাটির আয়তনী ঘনত্ব কমে যায়, পানি ধারণ ক্ষমতা ও সহজলভ্য মৃত্তিকা রসের পরিমাণ বৃদ্ধি পায়। মৃত্তিকা পদার্থ শাখা বিগত ৩ বছর ধরে গাজীপুর অঞ্চলে গবেষণা করে ২০১৩-২০১৪ মৌসুমে অত্র প্রযুক্তিটি উদ্ভাবন করেছে।

সার সুপারিশ (কেজি/হেক্টর) (মৃত্তিকা পরীক্ষার ভিত্তিতে):

>

সারের নাম	গম	মুগডাল	রোপা আমন
ইউরিয়া	২৬০	৩৯	১৯৫
টিএসপি	১৫০	৯০	১৫০
এমওপি	১২০	৪০	৮০
জিপসাম	৯৪	৬৩	৭৫
জিংক সালফেট(মনো হাইড্রেট)	৬	-	-
বরিক এসিড	৩	-	-

সার প্রয়োগ পদ্ধতি: গম চাষের জন্য দুই তৃতীয়াংশ ইউরিয়া ও সমুদয় অন্যান্য সার শেষ চাষের সময় ছিটিয়ে প্রয়োগ করে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। বাকী ইউরিয়া বীজ বপনের ২০ দিন পরে প্রয়োগ

করে হালকা সেচ প্রয়োগ করতে হবে। মুগডালের ক্ষেত্রে সকল পারমান সার জমি প্রস্তুতের শেষ পর্যায়ে বীজ বপনের পূর্বে প্রয়োগ করতে হবে। ইউরিয়া ব্যতীত অন্যান্য সকল সার শেষ জমি প্রস্তুতের সময় প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার সমান তিন ভাগ করে প্রথম ভাগ চারা রোপনের ৫-৭ দিন পরে প্রয়োগ করতে হবে। দ্বিতীয় কিস্তি কুশি ছাড়ার সময় ও শেষ কিস্তি শীষ বের হবার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করলে সুফল পাওয়া যাবে।



[প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সাথে কথা বলুন।](#)

[Back](#)